নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২১৯ ২৩ জুলাই ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নেদারল্যান্ডসে নোবিপ্রবি উপাচার্যের ইনস্টিটিউট ফর ওয়াটার এডুকেশন পরিদর্শন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নেদারল্যান্ডসের আইএইচই ডেল্‌ফট ইনস্টিটিউট ফর ওয়াটার এডুকেশন পরিদর্শন করেছেন। মঙ্গলবার (২২ জুলাই ২০২৫) নেদারল্যান্ডস সফরকালে তিনি এ পরিদর্শন করেন। আইএইচই ডেল্‌ফট জাতিসংঘের ইউনেস্কোর অধীনে পরিচালিত বিশ্বের বৃহত্তম আন্তর্জাতিক স্নাতকোত্তর পর্যায়ের পানি বিষয়ক শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পরিচিত।

পরিদর্শনকালে নোবিপ্রবি উপাচার্যের নেতৃত্বে একটি প্রতিনিধি দল আইএইচই ডেল্‌ফট এর কর্মকর্তাদের সঙ্গে এক ফলপ্রসূ বৈঠকে মিলিত হন, যেখানে ভবিষ্যতে যৌথ গবেষণা ও একাডেমিক বিনিময় কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সময় উপাচার্যের সঙ্গে ছিলেন নোবিপ্রবি বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মোহিনুজ্জামান এবং পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক শাহরিয়ার মু. আরিফুর রহমান। বৈঠকে আইএইচই ডেল্‌ফট ইনস্টিটিউট ফর ওয়াটার এডুকেশন এর কোস্টাল ইঞ্জিনিয়ারিং এন্ড পোর্ট ডেভেলপমেন্ট এর সহযোগী অধ্যাপক আলি দস্তগির, হাইড্রো ইনফরমেটিক এন্ড সোশিও-টেকনিক্যাল ইনোভেশন ডিপার্টমেন্ট এর প্রধান বিশ্বাস ভট্টাচার্য, ওয়াটার এন্ড এনভায়রনমেন্টাল পলিসির সিনিয়র লেকচারার জিপ ইভার্স, ওয়াটার পলিসি এনালাইসিস বিভাগের সহযোগী অধ্যাপক লিওন হারমান্স এবং পার্টনারশিপ এন্ড কন্ট্রাক্ট ম্যানেজার মিতা কুশমানিয়ানগ্রুম উপস্থিত ছিলেন।

দ্বিপাক্ষিক বৈঠকে নোবিপ্রবি উপাচার্য মাস্টার্সের যেসব শিক্ষার্থী রয়েছে তাদের থিউরিটিক্যাল কোর্সগুলো আইএইচই ডেল্‌ফট এ করার বিষয়ে তার মতামত তুলে ধরেন। তিনি নোবিপ্রবি শিক্ষার্থীদের মাস্টার্স ও পিএইচডি করার সুযোগ করে দেয়া যায় কিনা সে বিষয়েও আলোকপাত করেন। স্টাফ মোবিলিটির ইরাসমাস প্রোগ্রামের আওতায় আমাদের স্টাফরা যেনো সেখানে যেতে পারেন সে বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। সভায় উপাচার্য নোবিপ্রবি এবং আইএইচই ডেল্‌ফট এর মধ্যে যৌথ রিসার্চের যে সুযোগগুলো রয়েছে তা কাজে লাগানোর এবং শিক্ষকদের প্রশিক্ষণের ক্ষেত্রে উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোকপাত করেন। এছাড়াও নোবিপ্রবি উপাচার্য আইএইচই ডেল্‌ফট এর শিক্ষকদের নোবিপ্রবিতে আসার আমন্ত্রণ জানান।

ফলপ্রসু আলোচনায় উভয় প্রতিষ্ঠানই পানিবিজ্ঞান, শিক্ষা ও টেকসই উন্নয়নের ক্ষেত্রে দীর্ঘমেয়াদী সহযোগিতার আগ্রহ প্রকাশ করে এবং ভবিষ্যতে কোলাবরেশনের ক্ষেত্রে একযোগে কাজ করার অভিপ্রায় ব্যক্ত করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪